# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
# BANGLADESH WATER DEVELOPMENT BOARD

**বোর্ড সচিবালয়**
**পানি ভবন (লেভেল-৭), ৭২ গ্রীন রোড, ঢাকা- ১২০৫**
**ফোন:+৮৮ ০২ ২২২২৩০০৫৩**
ই-মেইল: bwdbsecretary@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

**Board Secretariat**
Pani Bhaban (Level-7), 72 Green Road, Dhaka-1205
Phone: +88 02 222230053
E-mail: bwdbsecretary@gmail.com
Website: www.bwdb.gov.bd

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৪.৯৯.০৩৫.২৪-১৭৪

তারিখ ১৫ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ
২৯ মে, ২০২৫ খ্রিস্টাব্দ

## দপ্তরাদেশ

১৯৫৪ এবং ১৯৫৫ সালে উপর্যুপরি ভয়াবহ বন্যার পর বন্যার ক্ষয়ক্ষতি কমিয়ে খাদ্য উৎপাদন বাড়ানোর লক্ষ্যে ১৯৫৭ সালে জাতিসংঘের অধীনে গঠিত ক্রুগ মিশনের এর সুপারিশক্রমে এতদঞ্চলের পানি সম্পদ ব্যবস্থাপনা ও উন্নয়নের লক্ষ্যে ১৯৫৯ সালে পূর্ব পাকিস্তান পানি ও বিদ্যুৎ উন্নয়ন কর্তৃপক্ষ (ইপিওয়াপদা) গঠন করা হয়। মহান স্বাধীনতার অব্যবহিত পরে ১৯৭২ সালের ৩১ মে তারিখে রাষ্ট্রপতির আদেশ নং-৫৯ এর মাধ্যমে পূর্বতন ইপিওয়াপদা'র পানি অংশের একই ম্যান্ডেট নিয়ে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড যাত্রা শুরু করে। সে মোতাবেক আগামী ৩১ মে, ২০২৫ তারিখে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ৫৩ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হতে যাচ্ছে।

২। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে আগামী ৩১ মে, ২০২৫ তারিখ রোজ শনিবার সকাল ১১:৩০ ঘটিকায় পানি ভবনের মাল্টিপারপাস হলে (লেভেল-১১) "পানি খাতের সংস্কার" শীর্ষক একটি আলোচনা সভা অনুষ্ঠিত হবে। উক্ত আলোচনা সভায় মাননীয় উপদেষ্টা, পানি সম্পদ এবং পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

৩। উক্ত আলোচনা সভায় পানি সম্পদ মন্ত্রণালয় এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ঢাকাস্থ সকল কর্মকর্তা/কর্মচারীকে উপস্থিত থাকার জন্য আদেশক্রমে অনুরোধ জানানো হলো।

৪। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা/কর্মচারীগণ অনলাইনে (Zoom) উক্ত আলোচনা সভায় যোগদান করবেন।

মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

Zoom ID-729 454 3826
Passcode-9280

২৯.০৫.২৫
ওবায়দুল ইসলাম
পরিচালক (বোর্ড)

**অনুলিপি:**

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৪.৯৯.০৩৫.২৪-১৭৪ তারিখ: ১৫ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ।

১। মাননীয় উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (উক্ত অনুষ্ঠানে তাঁর অধীন সকল কর্মকর্তা/কর্মচারীকে আমন্ত্রণ জানানো হলো)।

২৯.০৫.২৫
পরিচালক (বোর্ড)

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৪.৯৯.০৩৫.২৪-১৭৪ তারিখ: ১৫ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ।

১। সাবেক মহাপরিচালক (সকল), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।

২। অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পশ্চিম রিজিয়ন/পূর্ব রিজিয়ন/পরিকল্পনা, নকশা ও গবেষণা), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।

৩। প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, .................. (তাঁর অধীন ঢাকাস্থ সকল কর্মকর্তা/কর্মচারীর স্বশরীরে এবং মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীর অনলাইনে উপস্থিতির অনুরোধসহ)।

৪। প্রধান পানি ব্যবস্থাপনা/নিয়ন্ত্রক (অহিনি), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, .................... (তাঁর অধীন ঢাকাস্থ সকল কর্মকর্তা/কর্মচারীর স্বশরীরে এবং মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীর অনলাইনে উপস্থিতির অনুরোধসহ)।

Scanned with MOBILE SCANNER

৫। পরিচালক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক/সমমান, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ……………….. (তাঁর অধীন ঢাকাস্থ সকল কর্মকর্তা/কর্মচারীর স্বশরীরে এবং মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীর অনলাইনে উপস্থিতির অনুরোধসহ)।

৬। সি. এস. ও. টু মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।

৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আই. সি. টি. পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।

৮। নির্বাহী প্রকৌশলী/উপ-পরিচালক/সমমান (সকল), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড,……………… (তাঁর অধীন ঢাকাস্থ সকল কর্মকর্তা/কর্মচারীর স্বশরীরে এবং মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীর অনলাইনে উপস্থিতির অনুরোধসহ)।

২৭/০৫/২০২৫

**অনীক এহ্সান**
সিনিয়র সহকারী পরিচালক (প্রশাসন)

Scanned with MOBILE SCANNER